২০১০ - ২০১১ মেয়াদকালের কার্যনির্বাহী কমিটি'র ১৫শ সভার কার্যবিবরণী

স্থান : বিসিএস কার্যালয়

তারিখ : সোমবার, ২৮ জুন ২০১০

সময় : বিকাল ৬:০০মি.

সভাপতি : জনাব মোস্তাফা জব্বার, সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি

উপস্থিতি:

জনাব কাজী আশরাফুল আলম	-	সহ সভাপতি
জনাব মজিবুর রহমান স্বপন	-	মহাসচিব
জনাব নাজমুল আলম ভূঁইয়া (জুয়েল)	-	যুগ্ম-মহাসচিব
জনাব ইউসুফ আলী শামীম	-	পরিচালক

সভার আলোচ্যসূচি নিম্নরূপ:

১. বিগত ১২ জুন ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদন
২. বিগত কার্যনির্বাহী কমিটি'র সভাসমূহে গৃহীত সিদ্ধান্তাবলির অগ্রগতি পর্যালোচনা এবং পরিচালকদের কর্মকাণ্ড সম্পর্কে অবহিতকরণ
৩. বিসিএস আইসিটি ওয়ার্ল্ড ২০১০
৪. সমিতিতে সদস্যতা প্রসঙ্গে
৫. বিবিধ

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন এবং এতে পর্যায়ক্রমে নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্তাবলি গৃহীত হয়:

আলোচ্যসূচি-১ : বিগত ১২ জুন ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদন

আলোচনা : সভাপতি ১২ জুন ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী আজকের সভায় উপস্থাপন করেন। এ ব্যাপারে সভাপতি পরিচালকদের মতামত জানতে চাইলে এটি সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে বলে সবাই মত পেশ করেন। এতে সভাপতি উক্ত কার্যবিবরণী অনুমোদিত বলে সভায় ঘোষণা প্রদান করেন।

সিদ্ধান্ত : বিগত ১২ জুন ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদিত বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-২ : বিগত কার্যনির্বাহী কমিটি'র সভাসমূহে গৃহীত সিদ্ধান্তাবলির অগ্রগতি পর্যালোচনা এবং পরিচালকদের কর্মকাণ্ড সম্পর্কে অবহিতকরণ

আলোচনা : সভাপতি পরিচালকদের নিকট তাদের কর্মকাণ্ডের বিবরণী পেশ করার জন্য অনুরোধ জানান। তারা তাদের দৈনন্দিন কাজের বিবরণ প্রদান করেন।

সভাপতি এই সময়কালে তার নিজের কার্যাবলীর বিবরণ প্রদান করেন। তিনি জানান যে, ১৩ জুন ২০১০ বিসিএস, বেসিস ও আইএসপিএবি-এর সাথে যৌথভাবে বাজেট বিষয়ক সাংবাদিক সম্মেলনের আয়োজন করে। এই কাজে সমিতির মহাসচিব জনাব মুজিবুর রহমান স্বপন ঐকান্তিকভাবে শ্রম প্রদান করেন ও সাংবাদিক সম্মেলন আয়োজনে মূল ভূমিকা পালন করেন। ১৫ জুন ২০১০ বিকাল সাড়ে তিনটায় সভাপতি আইসিবির ইইএফ ফান্ড সংক্রান্ত সভায় যোগ দেন। ১৬ জুন ২০১০ সভাপতি বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের সভায় যোগ দেন। ২৪ জুন ২০১০ সভাপতি নেত্রকোণা জেলা প্রশাসন আয়োজিত ডিজিটাল বাংলাদেশ শীর্ষক সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন। ২৬ জুন ২০১০ সভাপতি ইনটেলেকচুয়াল প্রপার্টি এসোসিয়েশনের নির্বাহী পরিষদের সভায় যোগ দেন। সভাপতি জানান যে এই সময়ে তিনি বিসিএস কম্পিউটার সিটির ২০১০-১১ ২০১১-১২ সময়কালেল নির্বাহী পরিষদের নির্বাচন পরিচালনা করেন।

আলোচ্যসূচি-৩ : বিসিএস আইসিটি ওয়ার্ল্ড ২০১০

আলোচনা : সভাপতি ‘বিসিএস আইসিটি ওয়ার্ল্ড ২০১০’ আয়োজন সম্পর্কে পরিচালকদের আলোচনা করার আহ্বান জানান। পরিচালকগণ ‘বিসিএস আইসিটি ওয়ার্ল্ড ২০১০’ -এর প্রধান অতিথির আসন অলংকরণ অথবা মেলা চলাকালীন সময়ে মেলা প্রাঙ্গণ পরিদর্শনের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর সম্মতি লাভের প্রত্যাশায় প্রয়োজনীয় যোগাযোগ করতে সভাপতি জনাব মোস্তাফা জব্বারকে অনুরোধ করেন।

সিদ্ধান্ত :

- ‘বিসিএস আইসিটি ওয়ার্ল্ড ২০১০’ -এর প্রধান অতিথির আসন অলংকরণ অথবা মেলা চলাকালীন সময়ে মেলা প্রাঙ্গণ পরিদর্শনের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর সম্মতি লাভের লক্ষ্যে প্রয়োজনীয় যোগাযোগ করতে সভাপতি জনাব মোস্তাফা জব্বার সম্মত হন।

আলোচ্যসূচি-৪ : সমিতিতে সদস্যতা প্রসঙ্গে

আলোচনা :

- সদস্যপদ উপ-কমিটির চেয়ারম্যান জনাব কাজী আশরাফুল আলম যাচাই-বাছাই, পরীক্ষা-নিরীক্ষা ও সরেজমিনে পরিদর্শন শেষে পাবনা কম্পিউটারস লি: এবং জেনিক্স ওয়ার (প্রা:) লি: - মোট ২টি কোম্পানির সমিতিতে সদস্যপদ আবেদনপত্র সভায় উপস্থাপন করেন। সভাপতি এ ব্যাপারে পরিচালকদের মতামত জানতে চাইলে তারা উল্লিখিত কোম্পানিগুলোর সমিতিতে সদস্যপদ অনুমোদনে সায় প্রদান করেন।

সিদ্ধান্ত :

- সমিতিতে নিম্নলিখিত ২ টি কোম্পানির সদস্যপদ অনুমোদিত বলে সিদ্ধান্ত গৃহীত হয়:

কোম্পানির নাম	সদস্য নং
পাবনা কম্পিউটারস লি:	৭৮১
জেনিক্স ওয়্যার (প্রা:) লি:	৭৮২

আলোচ্যসূচি-৭ : বিবিধ

আলোচনা :

- মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন সভায় অবহিত করেন- ইস্টার্ণ প্লাস,শান্তিনগর এর দোকান মালিক সমিতির পক্ষ থেকে সেখানে একটি আইসিটি মার্কেট গড়ে তোলার ব্যাপারে তিনি একটি প্রস্তাব পেয়েছেন। উক্ত প্রস্তাবে মার্কেটের যেসব সুযোগ-সুবিধার কথা উল্লেখ আছে তা তিনি সভায় উপস্থাপন করেন। পরিচালক জনাব ইউসুফ আলী শামীম এ ব্যাপারে সুনির্দিষ্ট কোন সিদ্ধান্ত গ্রহণের জন্য সমিতির সম্মানিত সদস্যদের মতামত নেয়ার প্রস্তাব করেন। পরিচালকগণ এ প্রস্তাবে সম্মতি প্রদান করেন এবং শীঘ্রই একটি সাধারণ সভা আয়োজনের মাধ্যমে বিষয়টি আলোচনার পক্ষে মত প্রকাশ করেন।
- সভাপতি জনাব মোস্তাফা জব্বার সভায় অবহিত করেন, তিনি যশোরে বিসিএস এর একটি শাখা কমিটি গঠন করার ব্যাপারে যশোরস্থ বিসিএস এর সদস্যদের সাথে কথা বলেছেন। তিনি বলেন, যশোরে বাংলাদেশ কম্পিউটার সমিতির বর্তমান সদস্য সংখ্যা ১০ এবং সমিতির সংঘবিধি অনুযায়ী কমপক্ষে ১০ জন সদস্য রয়েছে এমন যেকোন স্থানে বাংলাদেশ কম্পিউটার সমিতির শাখা গঠন করা যাবে। পরিচালকগণ যশোরে একটি শাখা কমিটি গঠনের জন্য সরাসরি নির্বাচনের প্রস্তাব করেন। বাংলাদেশ কম্পিউটার সমিতির সংঘবিধি মোতাবেক সমিতির যশোর শাখা কমিটি নির্বাচনার্থে কর্মকাণ্ড পরিচালনার জন্য একটি বোর্ড এবং একটি নির্বাচন আপীল বোর্ড গঠন করা প্রয়োজন বলে সভাপতি সভায় অবহিত করেন। এ ব্যাপারে তিনি পরিচালকদের মতামত জানতে চাইলে সকলে মিলে আলাপ-আলোচনার ভিত্তিতে জনাব মোস্তাফা জব্বারকে চেয়ারম্যান এবং জনাব কাজী আশরাফুল আলম ও জনাব মজিবুর রহমান স্বপনকে সদস্য করে নির্বাচন বোর্ড এবং জনাব এ.টি. শফিক উদ্দিন আহম্মদকে চেয়ারম্যান এবং জনাব নাজমুল আলম ভূঁইয়া (জুয়েল) ও জনাব ইউসুফ আলী শামীমকে সদস্য করে নির্বাচন আপীল বোর্ড গঠনে একমত পোষণ করেন।
- মহাসচিব জনাব জনাব মজিবুর রহমান স্বপন বিসিএস সচিবালয় কর্মকর্তা-কর্মচারীদের বেতন বিষয়ে বার্ষিক পুনর্বিবেচনার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের জন্য আলোচনা উত্থাপন করেন। এতে আলাপ আলোচনা শেষে সমিতিতে বর্তমানে স্থায়ীভাবে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের পদ ভেদে পূর্ববর্তী বছরের তুলনায় ১ জুলাই ২০১০ তারিখ হতে মোট বেতনের উপর কমবেশি ১০% - ২৩.০৮% হারে বৃদ্ধির পক্ষে পরিচালকগণ একমত পোষণ করেন। এছাড়া ১ মে ২০১০ তারিখ হতে সমিতির চাকুরীতে স্থায়ীকরণকৃত জনাব আমিনুল ইসলাম ও মিসেস আফিয়া আফরোজ নেহারকে যথাক্রমে শিক্ষানবীশকালীন বেতনের ৭৫% ও ৫৬.২৫% হারে

বৃদ্ধির পক্ষেও তাঁরা মত পেশ করেন।

- সভাপতি সভায় অবহিত করেন, বিসিএস ডিজিটাল শিক্ষা প্রকল্পসহ অন্যান্য কার্যক্রমকে আরও গতিশীল করার জন্য একজন প্রোগ্রাম অফিসার নিয়োগ করা প্রয়োজন। সেমতে যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে জনাব মাহবুব-উর-রহমানকে ৮,০০০.০০ টাকা মাসিক বেতনে সমিতিতে ১লা জুন ২০১০ তারিখ থেকে ৩ মাসের জন্য শিক্ষানবীশ প্রোগ্রাম অফিসার হিসেবে নিয়োগদানের প্রস্তাব করেন। এ ব্যাপারে পরিচালকদের মতামত জানতে চাইলে তাঁরা উল্লিখিত নিয়োগ অনুমোদনে সায় প্রদান করেন।
- সভাপতি জনাব মোস্তাফা জব্বার সভায় অবহিত করেন, ভারতের দিল্লীতে ৬-৭ আগষ্ট ২০১০ তারিখে অনুষ্ঠিতব্য 'গ্লোবাল ইন্ডিয়া আইসিটি সামিট' এ অংশগ্রহণের জন্য ইন্ডিয়ান চেম্বার অব কমার্স এর পক্ষ থেকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীকে আমন্ত্রণ জানিয়েছে। সেমতে, মাননীয় প্রতিমন্ত্রীর সফরসঙ্গী হিসেবে বিসিএস এর একটি প্রতিনিধিদল নির্বাচনের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় থেকে বিসিএস সভাপতিকে অনুরোধ করা হয়েছে। তিনি এ ব্যাপারে পরিচালকদের মতামত জানতে চান। পরিচালকবৃন্দ উক্ত সফরে বিসিএস এর প্রতিনিধিদলে বিসিএস এর কার্যনির্বাহী কমিটির ৭ জন পরিচালকের নাম প্রেরণের প্রস্তাব করেন।
- মহাসচিব জনাব জনাব মজিবুর রহমান স্বপন সভায় অবহিত করেন, কার্যনিবাহী কমিটির গত সভার সিদ্ধান্ত অনুসারে ওয়ান ব্যাংক লি: এর এ্যালিফেন্ট রোড শাখায় সমিতির কিছু এফডিআর স্থানান্তর করা হয়েছে। তিনি লেনদেনের সুবিধার জন্য উক্ত শাখায় বাংলাদেশ কম্পিউটার সমিতির নামে একটি চলতি হিসাব খোলার প্রস্তাব করেন। এ ব্যাপারে পরিচালকদের সায় প্রদান করেন।

সিদ্ধান্ত :

- ইস্টার্ণ প্লাস, শান্তিনগরে একটি আইসিটি মার্কেট গড়ে তোলার জন্য সমিতির উদ্যোগ নেয়ার ব্যাপারে সম্মানিত সদস্যদের মতামত নেয়ার জন্য শীঘ্রই একটি সাধারণ সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।
- বাংলাদেশ কম্পিউটার সমিতির সংঘবিধি মোতাবেক সমিতির যশোর শাখা কমিটি গঠন এবং উক্ত শাখা কমিটির নির্বাচনার্থে কর্মকাণ্ড পরিচালনার জন্য নিম্নোক্তভাবে নির্বাচন বোর্ড এবং নির্বাচন আপীল বোর্ড গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়:

নির্বাচন বোর্ড

নাম, পদবি এবং কোম্পানির নাম	নির্বাচন বোর্ডে পদবি
জনাব মোস্তাফা জব্বার সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি	চেয়ারম্যান

জনাব কাজী আশরাফুল আলম সহ-সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি	সদস্য
জনাব মজিবুর রহমান স্বপন মহাসচিব, বাংলাদেশ কম্পিউটার সমিতি	সদস্য

নির্বাচন আপীল বোর্ড

নাম, পদবি এবং কোম্পানির নাম	আপীল বোর্ডে পদবি
জনাব এ.টি. শফিক উদ্দিন আহম্মদ প্রাক্তন সহ-সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি এবং ব্যবস্থাপনা পরিচালক, ইন্টারন্যাশনাল কম্পিউটার ভিশন লি:	চেয়ারম্যান
জনাব নাজমুল আলম ভূঁইয়া (জুয়েল) যুগ্ম-মহাসচিব, বাংলাদেশ কম্পিউটার সমিতি	সদস্য
জনাব ইউসুফ আলী শামীম পরিচালক, বাংলাদেশ কম্পিউটার সমিতি	সদস্য

- সমিতিতে বর্তমানে স্থায়ীভাবে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের পদ ভেদে পূর্ববর্তী বছরের তুলনায় ১ জুলাই ২০১০ তারিখ হতে মোট বেতনের উপর কমবেশি নিম্নলিখিত হারে বেতন পুনর্বিবেচনার সিদ্ধান্ত গৃহীত হয়:

নাম ও পদ	সাকুল্যে বেতন বৃদ্ধির হার (কমবেশি)
তোজাম্মেল উদ্দীন শিকদার (সিনিয়র অফিসার)	২৩.০৮%
রুমান শেখ (একাউন্টস অফিসার)	১৩.৬৪%
আলম কিবরিয়া (সহকারী অফিসার)	১০%
মো: আব্দুল আজিজ (অফিস সহকারী)	১০%
ফজলুল করিম আশিক (অফিস পিওন)	১০%

- সমিতিতে ১ মে ২০১০ তারিখ হতে স্থায়ীকৃত প্রোগ্রাম অফিসার হিসেবে জনাব আমিনুল ইসলাম-এর চাকুরী সমিতি'র মানবসম্পদ ব্যবস্থাপনা নীতিমালার আওতায় নিম্নলিখিত বেতন কাঠামো ও অন্যান্য সুবিধা প্রদানে সিদ্ধান্ত গৃহীত হয় যা ১লা মে ২০১০ তারিখ হতে কার্যকর হবে:

মাসিক মূল বেতন	:	৯,৫০০.০০ টাকা
বাড়ি ভাড়া	:	২,৫০০.০০ টাকা
যাতায়াত ভাড়া	:	১,৫০০.০০ টাকা
মেডিকেল ভাতা	:	৫০০.০০ টাকা
সর্বমোট	:	**১৪,০০০.০০ টাকা**

- সমিতিতে ১লা মে ২০১০ তারিখ হতে স্থায়ীকৃত প্রোগ্রাম অফিসার হিসেবে মিসেস আফিয়া আফরোজ নেহার-এর চাকুরী সমিতি'র মানবসম্পদ ব্যবস্থাপনা নীতিমালার আওতায় নিম্নলিখিত বেতন কাঠামো ও অন্যান্য সুবিধা প্রদানে সিদ্ধান্ত গৃহীত হয় যা ১ মে ২০১০ তারিখ হতে কার্যকর হবে :

মাসিক মূল বেতন	:	৮,০০০.০০ টাকা
বাড়ি ভাড়া	:	২,৫০০.০০ টাকা
যাতায়াত ভাড়া	:	১,৫০০.০০ টাকা
মেডিকেল ভাতা	:	৫০০.০০ টাকা
সর্বমোট	:	**১২,৫০০.০০ টাকা**

- জনাব মাহবুব-উর-রহমানকে ৮,০০০.০০ টাকা মাসিক বেতনে সমিতিতে ১লা জুন ২০১০ তারিখ থেকে ৩ মাসের জন্য শিক্ষানবীশ প্রোগ্রাম অফিসার হিসেবে নিয়োগদানের বিষয়টি অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

- ভারতের দিল্লীতে ৬-৭ আগষ্ট ২০১০ তারিখে অনুষ্ঠিতব্য 'গ্লোবাল ইন্ডিয়া আইসিটি সামিট' এ অংশগ্রহণের জন্য মাননীয় প্রতিমন্ত্রীর সফরসঙ্গী হিসেবে বিসিএস এর কার্যনির্বাহী কমিটির ৭ জন পরিচালকের নাম প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

- ওয়ান ব্যাংক লিঃ এর এ্যালিফেন্ট রোড শাখায় বাংলাদেশ কম্পিউটার সমিতির নামে একটি চলতি হিসাব খোলার সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

মোস্তাফা জব্বার
সভাপতি